

রাজধানীর ২৪ সরকারি
কুলে ভর্তি পরীক্ষা ১৪
১৫ ও ১৭ ডিসেম্বর

■ ইত্তেফাক রিপোর্ট।

তিনটি গ্রুপে বিভক্ত ঢাকা মহানগরীর ২৪টি সরকারি কুলে ভর্তি পরীক্ষা ১৪, ১৫ ও ১৭ ডিসেম্বর। ১ ডিসেম্বর ধরম বিক্রি শুরু এবং শেষ হবে ৯ তারিখ। ৯ তারিখের মধ্যেই ফরম পূরণ করে ঘনাদিতে হবে। ১ম শ্রেণীতে পটরি হবে ২৭ ডিসেম্বর। পটারির ফলাফল জানানো হবে ৩০ ডিসেম্বর। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক মো. নোমান উর রহীম গতকাল বুধবার এ তথ্য জানিয়েছেন।

রাজধানীর বাতায়ন, যোগাযোগ ও অন্যান্য বিষয় বিবেচনা করে বরাবরের মত ২৪টি কুলকে তিনটি গ্রুপে ভাগ করা হয়েছে। এ, বি ও সি শ্রেণীতে ৮টি করে কুল রয়েছে। এ কুলের চমতি শিকারবে যেমন ছিলো আগামী ২০১৩ শিক্ষাবর্ষেও এতই থাকবে। গত দুই বছরের মতো এবারে ১ম শ্রেণীতে শিকারী পূঁঠা ২৩ কলাম

রাজধানীর ২৪ সরকারি

প্রথম পূঁঠার পর বাছাই করতে পটরি ও অন্যান্য ক্লাসের জন্য ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি ফরমের মূল্য ১০০ টাকা। অনলাইন ও ম্যানুয়াল দু'ভাবেই আবেদন করা যাবে। কুলগুলোতে ক্লাস শুরু হবে পহেলা জানুয়ারি।

প্রথম শ্রেণী আছে ১৩টি কুলে: রাজধানীর ২৪টির মধ্যে ১৩টি মাধ্যমিক কুলে প্রথম শ্রেণী আছে। এ ১৩টিকে তিনটি গ্রুপে ভাগ করা হয়েছে।

এ' গ্রুপে রয়েছে তিনটি কুল: গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় ও বিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়।

বি' গ্রুপে ছয়টি কুল: মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাগানগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

সি' গ্রুপের কুল চারটি: ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাইস্কুল, শেরেবাগানগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়।

দ্বিতীয় থেকে নবম শ্রেণীতে ভর্তি: দ্বিতীয় থেকে নবম শ্রেণীতে ভর্তির জন্য রাজধানীর ২৪টি কুলকে আগের মতোই তিনটি গ্রুপে ভাগ করা হয়েছে। প্রতিটি গ্রুপে আটটি কুল রয়েছে। এ' গ্রুপের কুলগুলোতে ১৪ ডিসেম্বর, বি' গ্রুপের কুলগুলোতে ১৫ ডিসেম্বর এবং সি' গ্রুপের কুলগুলোতে ১৭ ডিসেম্বর ভর্তি পরীক্ষা হবে।

এ' গ্রুপের কুলগুলো হচ্ছে: গভ: ল্যাবরেটরি হাইস্কুল, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট পার্লস হাইস্কুল, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেসা সরকারি বালিকা বিদ্যালয়।

বি' গ্রুপের কুলগুলো হচ্ছে: মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, গভ: মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাগানগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

সি' গ্রুপের কুলগুলো হচ্ছে: ধানমন্ডি গভ: বয়েজ হাইস্কুল, আরমানিটোলা তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটুলী কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট কুল, শেরেবাগানগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় ও মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়।